# প্রগতি

# সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৫

(অষ্টম বর্ষ) ✦ পরিচালনায়ঃ প্রগতি, দ্বীপামালিতা

অঙ্কন ✦ আবৃত্তি ✦ ক্যুইজ ✦ যোগাসন ✦ সঙ্গীত ✦ নৃত্য ✦ ইংলিশ ট্যালেন্ট হান্ট ✦ তবলা লহরা ✦ রুবিক্স কিউব ✦ দাবা ✦ ফোটোগ্রাফি ✦ সুডোকু

স্থান : দ্বীপামালিতা খেলার মাঠ, কল্যাণপুর, বাগনান, হাওড়া ✦ তারিখ : ২৫শে - ২৮শে ডিসেম্বর ২০২৫

বিশদ বিবরণে ফোন : 8240028929 / 8345884054 / 9932755222 ✦ Facebook: PragatiAcademyOnline

নাম নথিভুক্তকরণ : www.pragatiacademy.org / 8240028929 (Whatsapp)

- আবেদন -

সুধী,

শিক্ষা কেবল পাঠ্যজ্ঞান নয় — এটি চিন্তা, সৃজনশীলতা ও মানবিকতার বিকাশের এক নিরন্তর পথচলা। শিল্প, সংগীত, নৃত্য ও সাহিত্য সেই শিক্ষারই অবিচ্ছেদ্য অংশ, যা আমাদের আত্মবিশ্বাসী ও সামাজিক মানুষ হতে সাহায্য করে। এই ভাবনা নিয়েই প্রগতি আয়োজন করছে সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৫, যা অনুষ্ঠিত হবে ২৫ থেকে ২৮ ডিসেম্বর ২০২৫, স্থান - দ্বীপামালিতা খেলার মাঠ, বাগনান, হাওড়া। এই চার দিনের সাংস্কৃতিক উৎসবে থাকছে - অঙ্কন, আবৃত্তি, কুইজ, যোগাসন, সঙ্গীত, নৃত্য, ইংলিশ ট্যালেন্ট হান্ট, তবলা লহরা, রুবিক্স কিউব, দাবা, ফোটোগ্রাফি ও সুডোকু প্রতিযোগিতা। বিগত বছরগুলিতে এই প্রতিযোগিতা রূপ নিয়েছে এক বিশাল সাংস্কৃতিক মিলনমেলায়।
এই সমস্ত অঞ্চল থেকে অংশগ্রহণকারীরা যুক্ত হয়ে প্রগতির মঞ্চকে করেছে প্রাণবন্ত ও সার্থক -

- হাওড়া ➤ এ. জে. সি. বোস বোটানিকাল গার্ডেন ✦ আমতা ✦ বাগনান ✦ বালিটিকুরি ✦ বাউড়িয়া ✦ বীরশিবপুর ✦ দাসনগর ✦ ডোমজুর ✦ ফুলেশ্বর ✦ গোলাবাড়ি ✦ জগাছা ✦ জগতবল্লভপুর ✦ জয়পুর ✦ লিলুয়া ✦ পাঞ্চলা ✦ পেঁড়ো ✦ রাজাপুর ✦ সাঁকরাইল ✦ শিবপুর ✦ শ্যামপুর ✦ সিলামপুর ✦ উদয়নরায়ণপুর ✦ উলুবেড়িয়া
- কলকাতা ➤ বেহালা ✦ বেলঘরিয়া ✦ বিরাটি ✦ দমদম ✦ পাটুলি ✦ শ্যামপুকুর ✦ সোনারপুর
- হুগলি ➤ চুঁচুড়া ✦ ডানকুনি ✦ জাঙ্গিপাড়া ✦ খানাকুল ✦ মগরা ✦ পুরশুরা ✦ শ্রীরামপুর ✦ সিঙ্গুর ✦ উত্তরপাড়া
- পূর্ব মেদিনীপুর ➤ চাঁদিপুর ✦ কাঁথি ✦ কোলাঘাট ✦ মেচেদা ✦ মহিষাদল ✦ নন্দকুমার ✦ পাঁশকুড়া ✦ সুতাহাটা ✦ তমলুক
- পশ্চিম মেদিনীপুর ➤ বেলদা ✦ দাঁতন ✦ দাসপুর ✦ ডেবরা ✦ খড়গপুর টাউন ✦ খড়গপুর (লোকাল) ✦ মাধপুর ✦ মেদিনীপুর ✦ নারায়ণগড় ✦ পিংলা ✦ সবং
- উত্তর ২৪ পরগনা ➤ অশোকনগর ✦ বারাসাত ✦ বাসিরহাট ✦ বিজপুর ✦ দত্তপুকুর ✦ হাবড়া ✦ নিউ ব্যারাকপুর ✦ নোয়াপাড়া ✦ সোদপুর
- দক্ষিণ ২৪ পরগনা ➤ ডায়মন্ড হারবার ✦ ফালতা ✦ মথুরাপুর
- নদিয়া ➤ চাকদহ ✦ শান্তিপুর

"প্রগতি" বিশ্বাস করে, প্রতিটি মানুষই এক একটি আলোকশিখা, যার ভেতরে রয়েছে অফুরন্ত সম্ভাবনা। আমরা সেই সম্ভাবনাকেই বিকশিত করার এক আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। আসুন, শিল্প ও সংস্কৃতির এই যাত্রায় একসাথে হই, একটি উজ্জ্বল ও মূল্যবোধসমৃদ্ধ আগামী প্রজন্ম গঠনের প্রত্যয়ে।

তাং – ১৮ই অক্টোবর, ২০২৫
দ্বীপামালিতা, বাগনান, হাওড়া

বিনীত
প্রগতি পরিচালন কমিটি

# -: অনুষ্ঠানের সময়সূচি :-

## ✿——— ২৫ শে ডিসেম্বর ২০২৫, বৃহস্পতিবার ——✿

**সকাল ৯ : ০০ টায় : শুভ উদ্বোধন**
প্রধান অতিথি : শ্রী সুকান্ত কুমার পাল, বিধায়ক, আমতা

**সকাল ৯ : ৩০ টায় :**
প্রগতি সাংস্কৃতিক সংস্থার সভাপতি, সমাদৃত বর্ষীয়ান লেখক ও সম্মানিত সাংস্কৃতিক ব্যক্তিত্ব **শ্রী পরেশ চন্দ্র দাস** - এর গ্রন্থ **'ছড়া ছড়ি'**–র শুভ উদ্বোধন।

**উপস্থিত থাকবেন:**
শ্রী চিত্র মিশ্র, শ্রী দিলীপ বসু, শ্রী চন্দ্রাদিত্য চন্দ, শ্রী স্বপন নন্দী, শ্রী প্রদীপ কুমার চক্রবর্তী, ড. মোহনলাল মণ্ডল, শ্রী হেমন্ত রায় প্রমুখ লেখক ব্যক্তিত্ব।

**অনুষ্ঠান সঞ্চালনায়:** ড. অলোক নাথ পাঁজা

*আসতে হবে সবুজের মাঝে - পৌষের সোনালি রোদ মেখে, কাব্যের উষ্ণতার পরশ পেতে - অনন্য পরেশচন্দ্রকে আরো কাছে পেতে - চলো যাই রূপনারায়ণের কোলে...*

| অঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সকাল ১১.০০ টায় | | | |
|---|---|---|---|
| বিভাগ | বয়স | সময়সীমা | বিষয় |
| ক | ৬ বৎসর পর্যন্ত | ১ ঘন্টা ৩০ মিনিট | রং ভরো, রং ভরো ছবি আমাদের ফেসবুক পেজ বা ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারেন, রং ভরতে হবে প্যাস্টেল কালার দিয়ে, কালার পেন্সিল বা স্কেচ পেন ব্যবহার করা যাবে না। |
| খ | ৬+ থেকে ৯ বৎসর পর্যন্ত | ১ ঘন্টা ৩০ মিনিট | যেমন খুশী আঁকো |
| গ | ৯+ থেকে ১২ বৎসর পর্যন্ত | ১ ঘন্টা ৩০ মিনিট | গ্রামীণ জীবনের স্নিগ্ধতা / যেকোনো বিখ্যাত বাঙালি মনীষী / শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার |
| ঘ | ১২+ থেকে ১৬ বৎসর পর্যন্ত | ২ ঘন্টা | আমাদের পৃথিবী, আমাদের দায়িত্ব / বাঙালির কোনো একটি উৎসবের দিন / সামাজিক ন্যায় ও সমতা |
| ঙ | ১৬ উর্ধে | ২ ঘন্টা | স্টিল লাইফ স্টাডি - প্রতিযোগিতার স্থানে কিছু objects দেওয়া হবে - দেখে যে কোন মাধ্যমে আঁকতে হবে |
| পুরস্কার | | | |
| প্রতি বিভাগে শীর্ষ ১০ জন পাবেন আকর্ষণীয় পুরস্কার এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার। | | | |

## কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ১:00 টায়, রবীন্দ্র মঞ্চ

| বিভাগ | পর্ব | সময় | বয়স | বিষয় |
|---|---|---|---|---|
| ক, খ, গ | বাছাই | দুপুর ১ - ১:৩০ টা | - | সমস্ত বিষয়ের উপর |
| ক | চূড়ান্ত | দুপুর ৩ টা | ১১ বৎসর পর্যন্ত | |
| খ | চূড়ান্ত | বিকেল ৪ টা | ১১+ থেকে ১৬ বৎসর পর্যন্ত | |
| গ | চূড়ান্ত | বিকেল ৫:৩০ টা | ১৬ ঊর্ধে | |

### জ্ঞাতব্য বিষয়

- প্রতি গ্রুপে ২ জন করে।
- কুইজ প্রতিযোগিতার প্রথম পর্ব লিখিত নেওয়া হবে। সকল প্রতিযোগীকে কলম ও এক্সাম বোর্ড নিয়ে আসতে হবে।
- প্রথম পর্বে উত্তীর্ণ প্রতিযোগীরাই চূড়ান্ত পর্বে যেতে পারবে।

### পুরস্কার

প্রতি বিভাগে শীর্ষ ৬টি গ্রুপ পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

## সুডোকু প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ১:৩০ টায়

| বিভাগ | বয়স | বিষয় |
|---|---|---|
| ক | ১৪ বৎসর পর্যন্ত | এটি 9X9 গ্রিড থাকবে। 1 থেকে 9 পর্যন্ত সংখ্যা এমনভাবে বসাতে হবে যাতে কোনো সারি (row), কলাম (column) বা ছোট ঘর (3x3 বক্স)-এর ভেতরে কোনো সংখ্যা পুনরাবৃত্তি না হয়। |
| খ | ১৪ উর্দ্ধে | |

### জ্ঞাতব্য বিষয়

- প্রত্যেক প্রতিযোগীর জন্য 5 টি সুডোকু থাকবে। প্রত্যেকটি সুডোকু সমাধানের জন্য আলাদা আলাদা নম্বর থাকবে। সুডোকু 1 - 10 নম্বর, সুডোকু 2 - 20 নম্বর, সুডোকু 3 - 30 নম্বর, সুডোকু 4 - 40 নম্বর, সুডোকু 5 - 50 নম্বর, মোট 150 নম্বর। মোট সময় থাকবে 90 মিনিট। একই নম্বর পেলে আগে জমা দেওয়ার ভিত্তিতে স্থান নির্ধারিত হবে।
- রাফ ওয়ার্কের জন্য পেন্সিল ব্যবহার করা যেতে পারে। কিন্তু ফাইনাল উত্তর নীল কালির পেন দিয়ে দিতে হবে। উত্তরটি পরিষ্কার হতে হবে। উত্তর টি সম্পূর্ণ হতে হবে। আংশিক উত্তর গ্রহণযোগ্য নয়।
- দুটি বিভাগের জন্য আলাদা সুডোকু থাকবে। একই বিভাগের সমস্ত প্রতিযোগীর জন্য একই সুডোকু ছক থাকবে।

**উদাহরণ**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 2 | 6 | | 7 | | 1 |
| 6 | 8 | | | 7 | | | 9 | |
| 1 | 9 | | | | 4 | 5 | | |
| 8 | 2 | | 1 | | | | 4 | |
| | | 4 | 6 | | 2 | 9 | | |
| | 5 | | | | 3 | | 2 | 8 |
| | | 9 | 3 | | | | 7 | 4 |
| | 4 | | | 5 | | | 3 | 6 |
| 7 | | 3 | | 1 | 8 | | | |

**সমাধান**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 4 | 3 | 5 | 2 | 6 | 9 | 7 | 8 | 1 |
| 6 | 8 | 2 | 5 | 7 | 1 | 4 | 9 | 3 |
| 1 | 9 | 7 | 8 | 3 | 4 | 5 | 6 | 2 |
| 8 | 2 | 6 | 1 | 9 | 5 | 3 | 4 | 7 |
| 3 | 7 | 4 | 6 | 8 | 2 | 9 | 1 | 5 |
| 9 | 5 | 1 | 7 | 4 | 3 | 6 | 2 | 8 |
| 5 | 1 | 9 | 3 | 2 | 6 | 8 | 7 | 4 |
| 2 | 4 | 8 | 9 | 5 | 7 | 1 | 3 | 6 |
| 7 | 6 | 3 | 4 | 1 | 8 | 2 | 5 | 9 |

### পুরস্কার

প্রতি বিভাগে শীর্ষ ৬ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

## রুবিক্স কিউব প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ২:00 টায়, নজরুল মঞ্চ

| বিভাগ | সময়সীমা | বয়স | বিষয় |
|---|---|---|---|
| ক | ৫ মিনিট | ১৪ বৎসর পর্যন্ত | ৩ x ৩ রুবিক্স কিউব |
| খ | ৫ মিনিট | ১৪ উর্দ্ধে | |

### জ্ঞাতব্য বিষয়

- প্রতিযোগীকে নিজস্ব ৩ X ৩ রুবিক্স কিউব সঙ্গে আনতে হবে। তবে প্রতিযোগীর রুবিক্স কিউবে কর্তৃপক্ষ সন্তুষ্ট না হলে কর্তৃপক্ষের প্রদেয় রুবিক্স কিউব নিয়ে প্রতিযোগীকে অংশগ্রহণ করতে হবে।
- প্রতিযোগিতা ২টি রাউন্ডে হবে। প্রথম রাউন্ডে দুইবার রুবিক্স কিউব সমাধান করতে হবে। তার মধ্যে সেরা সময় নেওয়া হবে। প্রথম রাউন্ড থেকে ৬ জন প্রতিযোগীই দ্বিতীয় রাউন্ডে যেতে পারবে। দ্বিতীয় রাউন্ডে প্রত্যেক প্রতিযোগী ৩ বার রুবিক্স কিউব সমাধান করতে হবে। ৩ বারের মধ্যে সব থেকে কম সময় যেটা সেটা নেওয়া হবে (Best of 3), সেই অনুযায়ী চূড়ান্ত স্থান নির্ধারণ হবে।

### পুরস্কার

প্রতি বিভাগে শীর্ষ ৬ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার , এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

# ✿ —— ২৬ শে ডিসেম্বর ২০২৫, শুক্রবার —— ✿

## যোগাসন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

| বিভাগ | সময় | মঞ্চ | বয়স | বিষয় |
|---|---|---|---|---|
| ক | সকাল ১০:00 টায় | নজরুল মঞ্চ | ৭ বৎসর পর্যন্ত | তালিকা থেকে পছন্দ মতো যেকোনো ৪টি আসন |
| খ | সকাল ১০:00 টায় | বিবেকানন্দ মঞ্চ | ৭+ থেকে ১০ বৎসর পর্যন্ত | তালিকা থেকে পছন্দ মতো যেকোনো ৩টি আসন ও ১ টি বিশেষ আসন |
| গ | দুপুর ১:00 টায় | নজরুল মঞ্চ | ১০+ থেকে ১৪ বৎসর পর্যন্ত | তালিকা থেকে পছন্দ মতো যেকোনো ৩টি আসন ও ২টি বিশেষ আসন |
| ঘ | দুপুর ১:00 টায় | বিবেকানন্দ মঞ্চ | ১৪+ থেকে ১৯ বৎসর পর্যন্ত | |

### জ্ঞাতব্য বিষয়

- প্রত্যেকটি বিভাগ বালক বালিকা পৃথক ভাবে।
- যোগাসনের তালিকা আমাদের ওয়েবসাইট থেকে বা ফেসবুক পেজ থেকে ডাউনলোড করতে পারেন।
- প্রতিযোগী যেকোনো সংস্থা থেকে বা ব্যক্তিগতভাবে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে।
- প্রত্যেক প্রতিযোগীকে রুচিসম্মত পোশাক পরিধান করতে হবে।

### পুরস্কার

ক,খ বিভাগে শীর্ষ ১০ জন ও গ, ঘ বিভাগে শীর্ষ ৬ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

## সঙ্গীত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ রবীন্দ্র মঞ্চ

| বিভাগ | সময় | বয়স | বিষয় |
|---|---|---|---|
| ক | সকাল ১০ টায় | ১১ বৎসর পর্যন্ত | যেকোনো একটি রবীন্দ্র সংগীত |
| খ | দুপুর ১২ টায় | ১১+ থেকে ১৬ বৎসর পর্যন্ত | যেকোনো একটি নজরুলগীতি / দেশাত্ববোধক গান |
| গ | দুপুর ২ টায় | ১৬ ঊর্ধে | যেকোনো একটি লোকসংগীত / বাংলা আধুনিক গান |

### জ্ঞাতব্য বিষয়

- সঙ্গীত প্রতিযোগিতার জন্য উপযুক্ত বাদ্যযন্ত্র ও সহকারীর ব্যবস্থা থাকবে। তবে প্রতিযোগীরা নিজস্ব সঙ্গতকার ও বাদ্যযন্ত্র আনতে পারেন।

### পুরস্কার

প্রতি বিভাগে শীর্ষ ১০ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

## ✿ —— ২৭ শে ডিসেম্বর ২০২৫, শনিবার —— ✿

## আবৃত্তি প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ রবীন্দ্র মঞ্চ

| বিভাগ | সময় | সময়সীমা | বয়স | বিষয় |
|---|---|---|---|---|
| ক | সকাল ১০ টায় | ৩ মিঃ | ৮ বৎসর পর্যন্ত | সুকুমার রায় / অপূর্ব দত্ত / ভবানীপ্রসাদ মজুমদারের যেকোনো কবিতা |
| খ | দুপুর ১২ টায় | ৪ মিঃ | ৮+ থেকে ১২ বৎসর পর্যন্ত | রবীন্দ্রনাথ ঠাকুর / সুনির্মল বসু / সত্যেন্দ্রনাথ দত্ত যেকোনো কবিতা |
| গ | দুপুর ২ টায় | ৪ মিঃ | ১২+ থেকে ১৬ বৎসর পর্যন্ত | সুকান্ত ভট্টাচার্য / কাজী নজরুল ইসলাম / জীবনানন্দ দাশের যেকোনো কবিতা |
| ঘ | দুপুর ৩ টায় | ৫ মিঃ | ১৬ ঊর্ধে | সুনীল গঙ্গোপাধ্যায় / দেবেশ ঠাকুর / জয় গোস্বামী যেকোনো কবিতা |

### জ্ঞাতব্য বিষয়

- প্রতিযোগীকে আবৃত্তির ৫ কপি প্রতিলিপি (জেরক্স বা স্পষ্ট অক্ষরে হাতে লেখা) সঙ্গে রাখতে হবে।
- আবৃত্তি বাংলা হওয়া আবশ্যিক।

### পুরস্কার

প্রতি বিভাগে শীর্ষ ১০ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

## তবলা লহরা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ নজরুল মঞ্চ

| বিভাগ | সময় | সময়সীমা | বয়স | বিষয় |
|---|---|---|---|---|
| ক | দুপুর ১২ টায় | ৬ মিঃ | ১১ বৎসর পর্যন্ত | যেকোনো তালের ওপর লহরা |
| খ | দুপুর ২ টায় | ৮ মিঃ | ১১+ থেকে ১৬ বৎসর পর্যন্ত | ত্রিতাল বা ঝাঁপতালের ওপর লহরা |

**জ্ঞাতব্য বিষয়**

- নাগমা আবশ্যিক, প্রতিযোগী নাগমা বাজানোর জন্য নিজস্ব শিল্পীর / অনলাইনেও সংগত পেতে পারেন।

**পুরস্কার**

প্রতি বিভাগে শীর্ষ ৬ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

## ইংলিশ ট্যালেন্ট হান্ট ও পুরস্কার বিতরণ দুপুর ১২ টায়, বিবেকানন্দ মঞ্চ

| বিভাগ | বয়স | বিষয় |
|---|---|---|
| ক | ১১ বৎসর পর্যন্ত | কোনো বাংলা শব্দ ইংরেজিতে কি বলে সেটা জানাতে হবে এবং কোনো ইংরেজি শব্দ বাংলাতে কি বলে জানাতে হবে। কোনো বাক্য থাকবে না। শুধু একটি করে শব্দ বা word থাকবে। বানান এর উপরেও গুরুত্ব দেওয়া হবে। |
| খ | ১১+ থেকে ১৬ বৎসর পর্যন্ত | |

**জ্ঞাতব্য বিষয়**

- প্রতিযোগিতার প্রথম পর্ব লিখিত নেওয়া হবে। সকল প্রতিযোগীকে কলম ও এক্সাম বোর্ড নিয়ে আসতে হবে। প্রথম পর্বে উত্তীর্ণ প্রতিযোগীরাই চূড়ান্ত পর্বে যেতে পারবে।

**পুরস্কার**

প্রতি বিভাগে শীর্ষ ৬ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

# ✿—— ২৮শে ডিসেম্বর ২০২৫, রবিবার ——✿

## দাবা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ দুপুর ১২ টায়

| বিভাগ | সময় নিয়ন্ত্রণ | বয়স |
|---|---|---|
| ক | ১০ মিঃ | ১৪ বৎসর পর্যন্ত |
| খ | ১০ মিঃ | ১৪ উর্দ্ধে |

**জ্ঞাতব্য বিষয়**

- প্রাথমিক রাউন্ড সুইস ফরম্যাটে অনুষ্ঠিত হবে। এবং অনলাইন প্লাটফর্ম lichess e খেলা হবে। সমস্ত প্রতিযোগীর lichess এ account থাকতে হবে এবং মোবাইলে lichess অ্যাপটি ইনস্টল থাকতে হবে।
- কতগুলো রাউন্ড খেলা হবে ওইদিন জানানো হবে।
- শীর্ষ ৪ জন খেলোয়াড় প্রকৃত দাবা বোর্ডে চূড়ান্ত রাউন্ডে অংশগ্রহণ করবে।

**পুরস্কার**

প্রতি বিভাগে শীর্ষ ৮ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

## নৃত্য প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

| বিভাগ | সময় | বয়স | সময়সীমা | মঞ্চ | বিষয় |
|---|---|---|---|---|---|
| ক | সকাল ৯:৩০ টায় | ৮ বৎসর পর্যন্ত | ৪ মিঃ | নজরুল মঞ্চ | যেকোনো একটি ছড়ার গানে নৃত্য / রবীন্দ্র নৃত্য |
| খ | সকাল ৯:৩০ টায় | ৮+ থেকে ১১ বৎসর পর্যন্ত | ৪ মিঃ | রবীন্দ্র মঞ্চ | যেকোনো একটি রবীন্দ্র নৃত্য / নজরুল গীতি নৃত্য |
| গ | সকাল ৯:৩০ টায় | ১১+ থেকে ১৪ বৎসর পর্যন্ত | ৫ মিঃ | বিবেকানন্দ মঞ্চ | যেকোনো একটি নজরুল গীতি নৃত্য / বাংলা লোকনৃত্য |
| ঘ | দুপুর ২ টায় | ১৪+ থেকে ১৯ বৎসর পর্যন্ত | ৫ মিঃ | বিবেকানন্দ মঞ্চ | যেকোনো একটি বাংলা লোকনৃত্য / বাংলা আধুনিক গানে নৃত্য |
| সমবেত | দুপুর ২ টায় | ২১ বৎসর পর্যন্ত | ৭ মিঃ | রবীন্দ্র মঞ্চ | যেকোনো একটি বাংলা জীবনমুখী গানে নৃত্য / বাংলা আধুনিক গানে নৃত্য / থিম ভিত্তিক বা দেশাত্ববোধক নৃত্য (হিন্দি গানও চলবে) |

### জ্ঞাতব্য বিষয়

- প্রতিযোগিতা পরিচালনার স্বার্থে, অংশগ্রহণকারী সংখ্যা বেশি হলে সময়সীমা কিছুটা কমানোও হতে পারে।
- সমবেত নৃত্য প্রতিযোগিতায় ৩ থেকে ৬ জনের দল অংশগ্রহণ করতে পারবে।

### পুরস্কার

ক, খ, গ, ঘ বিভাগে শীর্ষ ১0 জন প্রতিযোগী ও সমবেত বিভাগে শীর্ষ ৩ টি দল পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

## ফোটোগ্রাফি প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

| বিভাগ | ছবি তোলার সময় | বয়স | বিষয় |
|---|---|---|---|
| মোবাইল | ওইদিন সকাল ৬ টা থেকে দুপুর ১ টার মধ্যে | সর্বসাধারণ | গ্রামাঞ্চলের দৃশ্য / ঐতিহ্য / মানুষ (B/W হলেও চলবে) |
| DSLR | | | প্রকৃতি / ভিলেজ স্ট্রিট ফোটোগ্রাফি / ম্যাক্রো ফটোগ্রাফি |

### জ্ঞাতব্য বিষয়

- বিচারের মাপকাঠি : কম্পোজিশন, সৃজনশীলতা ও মৌলিকত্ব, থিমের সাথে প্রাসঙ্গিকতা, আবেগ ও প্রভাব, ফ্রেমিং এবং দৃষ্টিকোণ, গুণগত মান, আলোকসম্পাত।
- প্রতিযোগী দুটি বিভাগে অংশগ্রহণ করতে পারবে। ১ টি বিভাগের যেকোনো দুটি বিষয় মিলিয়ে সর্বোচ্চ ৫ টি ছবি নেওয়া হবে। ছবির সঙ্গে বিষয় ও একটি টাইটেল বা সংক্ষিপ্ত বিবরণ দিতে হবে।
- সমস্ত জমা দেওয়া ছবি অবশ্যই অংশগ্রহণকারীর দ্বারা তোলা ছবি হতে হবে।
- ছবিতে ওয়াটারমার্ক বা এডিট করা যাবে না। প্রতিযোগীর তোলা অরিজিনাল ছবি জমা দিতে হবে।
- ছবিটি প্রতিযোগিতার স্থান থেকে ৫ কিলোমিটারের মধ্যে তোলা হতে হবে।
- ছবি জমা দিতে পারেন - প্রগতি পোর্টাল / ইমেল / হোয়াটসঅ্যাপ / USB / SD-কার্ড।

### পুরস্কার

প্রতি বিভাগে শীর্ষ ৬ জন প্রতিযোগী পাবেন আকর্ষণীয় পুরস্কার, এছাড়াও বাকি সমস্ত প্রতিযোগীর জন্য থাকছে বিশেষ পুরস্কার।

# পথনির্দেশ :

- দেউল্টি রেলওয়ে স্টেশন থেকে টোটো ধরে দ্বীপামালিতা খেলার মাঠ
- বাগনান স্টেশন থেকে মানকুর/কল্যানপুরের অটো ধরে কল্যাণপুর, কল্যাণপুর থেকে টোটো ধরে দ্বীপামালিতা খেলার মাঠ

# নিয়মাবলী ও শর্তাবলী :-

1. অনলাইনে নাম লেখাতে গুগল ক্রোম বা যে কোনো ব্রাউজারে ওপেন করুন www.pragatiacademy.org

2. হোয়াটসঅ্যাপে নাম পাঠাতে হলে প্রতিযোগীর পরিচয়পত্র (আধার কার্ড / Birth Certificate) 8240028929 নম্বরে পাঠান। সঙ্গে যে প্রতিযোগিতায় অংশ নিতে চান তার নাম উল্লেখ করুন। নাম নথিভুক্ত হলে Application ID দেওয়া হবে।

3. নাম লেখানোর শেষ দিন ২১শে ডিসেম্বর ২০২৫। প্রতিযোগিতার প্রবেশমূল্য আপনি অনলাইনে দিতে পারেন অথবা প্রতিযোগিতার দিন প্রতিযোগিতার স্থানেও দিতে পারেন। তবে প্রতিযোগিতার দিন অতিরিক্ত ভিড় এড়াতে আপনাকে অনুরোধ করা হচ্ছে প্রবেশমূল্য ও বয়সের প্রমাণপত্র অনলাইনে আপলোড করার জন্য। প্রতিযোগিতায় অংশগ্রহণ না করলে আপনার পেমেন্ট সম্পূর্ণ ফেরত দেওয়া হবে। অনলাইনে প্রবেশমূল্য ও বয়সের প্রমান পত্র verified হয়ে গেলে , আপনাকে প্রতিযোগিতার দিন কোনো documents নিয়ে আসতে হবে না। শুধু আপনার উপস্থিতি জানাতে হবে। প্রতিটি প্রতিযোগিতায় আসনসংখ্যা সীমিত। তাই যত দ্রুত সম্ভব নাম নথিভুক্ত করার অনুরোধ রইল। নির্ধারিত কোটা পূর্ণ হলে আর নাম নথিভুক্ত করা যাবে না।

4. আপনার ঐদিনের উপস্থিতি অনুযায়ী আপনার প্রতিযোগিতায় অংশগ্রহণের ক্রম হবে যোগাসন, তবলা লহরা, সংগীত, রুবিক্স কিউব, নৃত্য ও আবৃত্তি প্রতিযোগিতায়। তবে অঙ্কন, ইংলিশ ট্যালেন্ট হান্ট, ক্যুইজ, দাবা, সুডোকু প্রতিযোগিতায় সমস্ত প্রতিযোগীকে একসঙ্গে উপস্থিত থাকতে হবে।

5. যাঁরা গত বছর অনলাইনে বয়সের প্রমাণপত্র আপলোড করেছিলেন তাঁদের আর বয়সের প্রমাণপত্র লাগবে না। যাঁরা বয়সের প্রমাণপত্র প্রতিযোগিতার দিন সঙ্গে নিয়ে এসেছিলেন তাঁরা এবছরও বয়সের প্রমাণপত্র সঙ্গে নিয়ে আসবেন।

6. ক্যুইজ প্রতিযোগিতার এন্ট্রি ফী : ২00 টাকা। সমবেত নৃত্য প্রতিযোগিতায় এন্ট্রি ফী: 800 টাকা। বাকি সমস্ত প্রতিযোগিতায় এন্ট্রি ফী ১00 টাকা।

7. ক্যুইজ ও সমবেত নৃত্য প্রতিযোগিতায় শুধু মাত্র সব থেকে বেশী বয়সের প্রতিযোগীর নাম লেখাবেন। বয়সের প্রমাণপত্র অনলাইনে আপলোড করার সময় সবার বয়সের প্রমাণপত্র মার্জ করে একটি ফাইল বানিয়ে আপলোড করবেন অথবা প্রতিযোগিতার দিন সবার বয়সের প্রমাণপত্র সঙ্গে নিয়ে আসবেন।

8. বিভাগ নির্ধারণ জন্মতারিখ অনুযায়ী হবে। কোনো প্রতিযোগী একের অধিক প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারে কিন্তু কোনো একটি নির্দিষ্ট প্রতিযোগিতায় দুইটি বিভাগে অংশগ্রহণ করতে পারবে না সমবেত নৃত্য ও ফোটোগ্রাফি ব্যাতিত। অর্থাৎ কোনো প্রতিযোগী সমবেত নৃত্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করলে বাকি বিভাগের নৃত্য প্রতিযোগিতায় বয়স অনুযায়ী অংশগ্রহণ করতে পারবে এবং প্রতিযোগী ফোটোগ্রাফি প্রতিযোগিতায় মোবাইল ও DSLR উভয় বিভাগেই অংশগ্রহণ করতে পারবে।

9. বয়স নির্ধারণ 0১/১২/২0২৫ তারিখ অনুযায়ী গণনা হবে। অর্থাৎ কোনো প্রতিযোগিতায় প্রতিযোগীর বয়স ৬ বৎসর পর্যন্ত অনুমতি থাকলে জন্ম তারিখ 0১/১২/২0১৯ বা তার পরে হতে হবে, ৮ বৎসর পর্যন্ত অনুমতি থাকলে জন্ম সাল 0১/১২/২0১৭ বা তার পরে হতে হবে ইত্যাদি।

10. বিচারকের সিদ্ধান্তই চূড়ান্ত। প্রত্যেকটি প্রতিযোগিতায় বিচারক বাগনান থানার বাইরে থেকে আসবেন। নৃত্য, আবৃত্তি, সঙ্গীত, যোগাসন, তবলা লহরার ক্ষেত্রে প্রতিযোগী পারফর্ম করার সঙ্গে সঙ্গেই স্ক্রিনে স্কোর দেখানো হবে এবং প্রতিযোগিতার শেষে বিচারকদের স্কোরশীট প্রকাশ করা হবে।
11. প্রতিযোগিতার স্বচ্ছতা ও ন্যায্যতা রক্ষার্থে বিচারকগণের ছাত্রছাত্রীদের অংশগ্রহণ না করার অনুরোধ জানানো হচ্ছে। সংশ্লিষ্ট বিচারকবৃন্দ অনুগ্রহ করে তাঁদের পরিচিত শিক্ষার্থীদের এই বিষয়ে অবহিত করবেন।

12. একই দিনে একাধিক প্রতিযোগিতা থাকা সত্ত্বেও প্রতিযোগী ওইদিনের সমস্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। যেসব প্রতিযোগিতায় একসঙ্গে সকল প্রতিযোগীকে অংশগ্রহণ করতে হবে যেমন অঙ্কন, দাবা, ক্যুইজ, ইংলিশ ট্যালেন্ট হান্টও সুডোকু - প্রতিযোগীকে সেই প্রতিযোগিতায় আগে অংশগ্রহণ করতে হবে, পরে অন্য প্রতিযোগিতায়। আমাদের সেচ্ছাসেবককে আপনি একই দিনে একের বেশি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে চান সেটা জানাবেন। আমরা আপনাকে সমস্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করার ব্যবস্থা করে দেব।

13. প্রতিযোগিতা পরিচালনার স্বার্থে কিছু নিয়ম পরিবর্তন হতে পারে।

14. প্রত্যেক প্রতিযোগীর জন্য মধ্যাহ্নভোজের ব্যবস্থা থাকবে। এছাড়া অভিভাবকরাও ওইদিন ফুড-কুপন সংগ্রহ করে মধ্যাহ্নভোজ গ্রহণ করতে পারেন।

15. লিখিত পর্বে একই নম্বর পেলে উত্তরপত্র আগে জমা দেওয়ার ভিত্তিতে প্রাধান্য দেওয়া হবে। ইংলিশ ট্যালেন্ট হান্ট ও ক্যুইজ প্রতিযোগিতায় প্রতিযোগীদের মধ্যে চূড়ান্ত পর্বে একই নম্বর থাকলে ট্রাইব্রেকার অথবা প্রথম পর্ব অনুযায়ী চূড়ান্ত স্থান নির্ধারণ হবে।

16. https://www.facebook.com/PragatiAcademyOnline
https://whatsapp.com/channel/0029VaBgBwF9Gv7bnbADJB3Y
উপরের লিংক দু'টির মাধ্যমে আমাদের ফেসবুক পেজ ও হোয়াটস্যাপ চ্যানেলে যুক্ত হতে পারবেন। প্রতিযোগিতার সমস্ত গুরুত্বপূর্ণ তথ্য ও আপডেট সেখানেই নিয়মিত প্রকাশিত হবে।

# প্রগতি সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ এর প্রত্যেকটি প্রতিযোগিতার প্রথম - দ্বিতীয় - তৃতীয় স্থানাধিকারী

## প্রগতি অঙ্কন প্রতিযোগিতা ২০২৪

| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|---|
| ক | সমুদিতা মাইতি, বাগনান | সাগ্নিক দাস, বাগনান | শ্রেয়ান চক্রবর্তী , উদয়নারায়ণপুর |
| খ | সৌমাল্য মন্ডল, বাগনান | সৌম্যদীপ মন্ডল, শ্যামপুর | সৌশ্রী ভুক্তা, আমতা |
| গ | আয়ুষী হাইত, উদয়নারায়ণপুর | ঋতম ঘটক, বাগনান | ঋতান্য দেঁড়ে, উদয়নারায়ণপুর |
| ঘ | সুদীপ পাল, আমতা | প্রিয়ম মন্ডল, উলুবেড়িয়া | দিয়া দেবনাথ, উদয়নারায়ণপুর |
| ঙ | দেবস্মিতা মন্ডল, জয়পুর | শুভদীপ চৌধুরী, বাগনান | সায়ন্তন দে, বাগনান |

## প্রগতি ক্যুইজ প্রতিযোগিতা ২০২৪

| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|---|
| ক | স্পন্দন ভাদুড়ী, জগাছা | স্বর্ণেন্দু পাল, সাঁকরাইল | শ্রেয়ান মল্লিক, বাগনান |
| খ | পাশ্চাত্য মান্না, সাঁকরাইল | করণ চ্যাটার্জী, বাগনান | সৌরভ মাইতি, আমতা |

## প্রগতি নৃত্য প্রতিযোগিতা ২০২৪

| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|---|
| ক | শ্রীকুমারী মন্ডল, বাগনান | ভূমি বাগ, উলুবেড়িয়া | তনয়া হালদার, শ্যামপুর |
| খ | শিঞ্জিনী সান্যাল, বেলদা | শ্রী মল্লিক, বসিরহাট | আদ্রিতা মান্না, শ্যামপুর |
| গ | সমাদৃতা মজুমদার, বাগনান | এরিকা মাজি, বাগনান | অনিসা শাসমল, শ্যামপুর |
| ঘ | অঙ্কিতা দাস, চুঁচুড়া | স্নেহা নায়েক, ডেবরা | সায়নী পল্ল্যে, জগৎবল্লভপুর |
| সমবেত | ছন্দম ড্যান্স একাডেমী, লিলুয়া | সাগ্নিক একাডেমী অফ ড্যান্স, আমতা | লিটল ড্যান্স একাডেমী, ডানকুনী |

## প্রগতি আবৃত্তি প্রতিযোগিতা ২০২৪

| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|---|
| ক | সাগ্নিক বুরাই, শ্যামপুর | শুভাঙ্গী রায়চৌধুরী, বাগনান | দীপ্তিম মুখার্জী, বাগনান |
| খ | আভরিয়া রায়, শ্যামপুর | পৌলমী পাল, শ্যামপুর | মনিভা চন্দ্র, উদয়নারায়ণপুর |
| গ | কৃতী বড়ুয়া, বীজপুর | অনুরাগ মহাপাত্র, বাগনান | অঙ্কন মন্ডল, শ্যামপুর |
| ঘ | মন্দিরা দাস, শ্যামপুর | কৃষ্ণ কাঠুরিয়া, জাঙ্গিপাড়া | অন্বেষা বাগ, উদয়নারায়ণপুর |

## প্রগতি সঙ্গীত প্রতিযোগিতা ২০২৪

| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|---|
| ক | প্রেয়সী সিংহ, খানাকুল | অভিজ্ঞান দাস, পাটুলি | কৌশিকী খাঁড়া, বাগনান |
| খ | দেবার্ঘ্য বেরা, শ্যামপুর | শ্রেয়ান মল্লিক, বাগনান | দীপাণ্বিতা পাল, পাঁশকুড়া |
| গ | রিমি হাজরা, পাঁচলা | ডঃ সুদীপ্ত মল্লিক, বাগনান | তৃষা মাহিষ, আমতা |

## প্রগতি যোগাসন প্রতিযোগিতা ২০২৪

| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|---|
| ক ( বালক ) | শুভজিৎ চক্রবর্তী, বাগনান | মৃনাল খামরুই, বাগনান | শ্রেয়াংশু পাত্র, বাগনান |
| ক ( বালিকা ) | ঈশিকা মল্লিক, বাগনান | আর্শিনা খাতুন, বাগনান | স্পন্দিতা দাস, বাগনান |
| খ ( বালক ) | আদিত্য দাস, বাগনান | রাজদীপ মান্না, নন্দকুমার | শুভ মেটে, নন্দকুমার |
| খ ( বালিকা ) | তুহী দেশমুখ, রাজাপুর | সিদ্ধিকা মন্ডল, শ্যামপুর | সুমনা ববাগ, বাগনান |
| গ ( বালক ) | অনিন্দ্য মুখার্জি, বাগনান | উৎসব খাঁড়া, বাগনান | শিবনাথ জানা, বাগনান |
| গ ( বালিকা ) | ভূমি প্রামানিক, উলুবেড়িয়া | সৌমি আদক, রাজাপুর | রূপসা অধিকারী, বাগনান |

## প্রগতি তবলা প্রতিযোগিতা ২০২৪

| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|---|
| ক | শ্রীকৃষ্ণ বেরা, নন্দকুমার | আয়ুষ বর, বাগনান | সপ্তর্ষী মাইতি, বাগনান |
| খ | ঐহিক মিশ্র, বাগনান | দেবরাজ মাজি, নন্দকুমার | মৌলিক মিশ্র, বাগনান |

## প্রগতি রুবিক্স কিউব প্রতিযোগিতা ২০২৪

| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
|---|---|---|---|
| ক | আয়ুষ্মান বেরা, বাগনান | ধ্রুব পাত্র, বাগনান | প্রিয়ব্রত বোধক, বাগনান |
| খ | নীলাঙ্কন কর্মকার, লিলুয়া | অনিক চক্রবর্তী, বাগনান | ধৃতব্রত সাঁতরা, বাগনান |

| প্রগতি ইংলিশ ট্যালেন্ট হান্ট প্রতিযোগিতা ২০২৪ | | | |
|---|---|---|---|
| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
| ক | অর্না চক্রবর্তী , কোলাঘাট | আদ্রিয় মান্না, বাগনান | বিভু দাস, বাগনান |
| খ | শ্রেয়ান মল্লিক, বাগনান | অলিভা আক্রাম, বাগনান | তিতলি পাল, বাগনান |

| প্রগতি দাবা প্রতিযোগিতা ২০২৪ | | | |
|---|---|---|---|
| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
| ক | স্পন্দন মান্না, বাগনান | অনুভব দাস, বাগনান | শ্রেয়ান মল্লিক, বাগনান |
| খ | সুকান্ত ঘোষাল, বাগনান | সুদীপ্ত কুন্ডু, বাগনান | ডঃ সুদীপ্ত মল্লিক, বাগনান |

| প্রগতি ফোটোগ্রাফি প্রতিযোগিতা ২০২৪ | | | |
|---|---|---|---|
| বিভাগ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় |
| DSLR | শুভম রায়, বাগনান | | |
| মোবাইল | শেখ আক্তার উল ইসলাম, বাগনান | মৃনাল খাঁড়া, বাগনান | রিক পাঁজা, জয়পুর |